

বিজ্ঞপ্তি সকল পরীক্ষার্থীকে
মনোযোগ সহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

ডিগ্রী (পাস) কোর্স ৩য় বর্ষ
শিক্ষাবর্ষ-২০১৮-২০১৯

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণে অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।
** ফরম পূরণের ফি জমা দেয়ার তারিখঃ ১৩/০৮/২০২৩ থেকে ১৭/০৮/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)
** বিলম্ব ফি দিয়ে ফরম পূরণ করার কোন প্রকার সুযোগ নেই।

১. ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি জমা দেয়ার নিয়ম :

- ক) নিয়মিত/অনিয়মিত, প্রাইভেট এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 3500 তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে।
- খ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID: 4413 তে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে। পরীক্ষার ফি জমা দেয়ার পর শিক্ষার্থী একটি SMS পাবে

পরীক্ষার ফিসের হিসাব : নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট/সার্টিফিকেট কোর্স


নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট বিএসসি বাদে	বিএসসি নিয়মিত/অনিয়মিত	সার্টিফিকেট কোর্স ২০০ নম্বর
১৯০০.০০	২৬৫০.০০	১১০০.০০

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের হিসাব নিম্নে দেয়া হল

মানোন্নয়ন/গ্রেড উন্নয়নঃ ১ পত্র=৯০০.০০ ২ পত্র=১০০০.০০ ৩ পত্র=১১০০.০০ ৪ পত্র=১২০০.০০

- ** এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের যে সব শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারে নাই তারা সর্বসাকুল্যে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকবে যে, পরীক্ষায় ফরম পূরণ না করলে, ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোন আবেদন করতে পারবে না। একই সাথে ১ম ও ২য় বর্ষের সকল কোর্সে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষে অংশগ্রহণ করে নাই ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এ ধরনের শিক্ষার্থী সর্বসাকুল্যে ৬০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে উল্লেখিত শর্তে শুধুমাত্র ২০২১ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশ নিতে পারবে। উভয় ক্ষেত্রেই রেজিস্ট্রেশন নবায়নের প্রয়োজন নাই এবং উত্তীর্ণ হলে মানোন্নয়ন অংশগ্রহণের সুযোগ পাবে না। উক্ত পরীক্ষার্থীকে হিসাব শাখায় যোগাযোগ করে ফরমপূরণ করতে হবে।
- ** **Conditional promoted (C-promoted)** পরীক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার্থী ১০০০/- (এক হাজার) টাকা দিতে হবে। উক্ত পরীক্ষার্থীকে হিসাব শাখায় যোগাযোগ করে ফরমপূরণ করতে হবে।

বিঃ দ্রঃ ১) সকল শিক্ষার্থীদের পরীক্ষার ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে এবং মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে। কোনক্রমেই মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকার বেশি দেয়া যাবে না।


(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)

অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।